



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের উদ্যোগে মহান মে দিবস এবং জাতীয় পেশাগত দ্বাত্তা ও সেইফটি দিবস, ২০২৫ উদযাপন উপলক্ষে নির্ধারিত বিষয়ে সহজে লিখিত রচনা/প্রবন্ধ আহ্বান করা যাচ্ছে।

প্রতিযোগিতা সম্পর্কিত তথ্যাদি

১। বিশ্ববিদ্যালয় পর্যায় (মাতক ও মাতকোত্তর)

বিষয়: শ্রম অধিকার: বাংলাদেশ প্রেক্ষাপট।
(শব্দসীমা ২০০০-২৫০০)।

২। কলেজ পর্যায় (উচ্চ মাধ্যমিক)

বিষয়: কর্মক্ষেত্রে নিরাপদ ও শোভন কর্মপরিবেশ: বাস্তবতা ও করণীয়।
(শব্দসীমা ১৫০০-২০০০)।

৩। স্কুল পর্যায় (৬ষ্ঠ-১০ম শ্রেণি)

বিষয়: মহান মে দিবস।
(শব্দসীমা ১০০০-১৫০০)।

প্রবন্ধ/লিখনী-এর শর্তাবলি নিম্নরূপ

- ১। প্রবন্ধ/লিখনী পরিচ্ছন্ন হাতের লেখা এবং এক পৃষ্ঠায় (উভয় পৃষ্ঠা নয়) A-4 সাইজের কাগজে লিখতে হবে;
- ২। প্রবন্ধ/লিখনী-এর সাথে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে;
- ৩। প্রবন্ধ/লিখনী ই-মেইলে: ig@dife.gov.bd অথবা sasemployment@mole.gov.bd অথবা মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, শ্রম ভবন, ১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয়নগর, ঢাকা-১০০০, বরাবরে ১০ এপ্রিল, ২০২৫ তারিখের মধ্যে ডাকযোগে/সরাসরি উপস্থিত হয়ে প্রেরণ/দাখিল করতে হবে;
- ৪। প্রবন্ধ/লিখনী-এর সাথে অংশগ্রহণকারীর ২ কপি পাসপোর্ট সাইজের ছবি প্রদান করতে হবে;
- ৫। প্রতি ক্যাটাগোরিতে ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারী প্রতিযোগী নির্বাচনে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে;
- ৬। প্রবন্ধ/লিখনী-এর ক্ষেত্রে মেধাভিত্তিক চৌর্ধ্ববৃত্তি পরিহারযোগ্য। এর বাতায় ঘটলে প্রবন্ধ/লিখনী বাতিলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত হবে। তবে কোন তথ্য/উপাত্ত/উক্তি প্রবন্ধ/লিখনী-তে ব্যবহৃত হলে আবশ্যিকভাবে এর তথ্যসূত্র উল্লেখ করতে হবে;
- ৭। নির্বাচিত প্রবন্ধ/লিখনী মহান মে দিবস, ২০২৫ এবং জাতীয় পেশাগত দ্বাত্তা ও সেইফটি দিবস, ২০২৫ উদযাপন উপলক্ষে প্রকাশিতব্য স্মরণিকায় ছাপানোর অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন;
- ৮। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত লেখা মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।

পর্যায়ভিত্তিক পুরস্কার মূল্য ও সম্মাননা সনদ

ক) বিশ্ববিদ্যালয় পর্যায়ে (মাতক ও মাতকোত্তর)

- ১। প্রথম পুরস্কার নগদ ২৫,০০০/- (পঁচিশ হাজার টাকা), একটি ফ্রেস্ট ও সনদপত্র।
- ২। দ্বিতীয় পুরস্কার নগদ ২০,০০০/- (বিশ হাজার টাকা), একটি ফ্রেস্ট ও সনদপত্র।
- ৩। তৃতীয় পুরস্কার নগদ ১৫,০০০/- (পনেরো হাজার টাকা), একটি ফ্রেস্ট ও সনদপত্র।

খ) কলেজ পর্যায়ে (উচ্চ মাধ্যমিক)

- ১। প্রথম পুরস্কার নগদ ১০,০০০/- (দশ হাজার টাকা), একটি ফ্রেস্ট ও সনদপত্র।
- ২। দ্বিতীয় পুরস্কার নগদ ৭,০০০/- (সাত হাজার টাকা), একটি ফ্রেস্ট ও সনদপত্র।
- ৩। তৃতীয় পুরস্কার নগদ ৫,০০০/- (পাঁচ হাজার টাকা), একটি ফ্রেস্ট ও সনদপত্র।

গ) স্কুল পর্যায়ে (৬ষ্ঠ-১০ম শ্রেণি)

- ১। প্রথম পুরস্কার নগদ ১৫,০০০/- (পনেরো হাজার টাকা), একটি ফ্রেস্ট ও সনদপত্র।
- ২। দ্বিতীয় পুরস্কার নগদ ১২,০০০/- (বারো হাজার টাকা), একটি ফ্রেস্ট ও সনদপত্র।
- ৩। তৃতীয় পুরস্কার নগদ ১০,০০০/- (দশ হাজার টাকা), একটি ফ্রেস্ট ও সনদপত্র।

স্বা/
ওমর মোঃ ইমরুল মহসিন
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
সভাপতি

"প্রতিযোগিতা আয়োজন ও বেস্ট প্র্যাকটিস সংশ্লিষ্ট সম্মাননা প্রদান" কমিটি

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

শ্রম ভবন, ১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয়নগর, ঢাকা-১০০০। ফোন নম্বর: +৮৮-০২-২২৬৬৬৪২০১,
ফ্যাক্স: +৮৮-০২-২২৬৬৬৪২০৩, Info: www.dife.gov.bd